



আনন্দ মুখর পরিবেশের মধ্যদিয়ে ফোরামের আনন্দভ্রমণ অনুষ্ঠিত

সোনার বাংলা রিপোর্টঃ গত ১০ জুন রবিবার প্রতিকূল আবহাওয়া সত্ত্বেও বিপুল উৎসাহ উদ্দীপনা ও আনন্দ মুখর পরিবেশের মধ্যদিয়ে ‘অস্ট্রেলিয়ান ফোরাম ফর মাইনোরিটিজ ইন বাংলাদেশ’ আয়োজিত আনন্দভ্রমণ অনুষ্ঠিত হলো। ঐ দিন পূর্বপরিকল্পনা অনুযায়ী দুপুর ১২টায় সকলে সমবেত হন Darling Harbour এর Imax Theatre এর সামনে। সেখানে হালকা মধ্যাহ্নভোজের পর সবাই মিলিত হন Imax Theatre 32 The Promenade, Kings Street Wharf এর নির্ধারিত স্থানে। কয়েকদিনের দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে সকলেরই মধ্যে একটা ভীতি কাজ করছিল কি হয়। কিন্তু প্রকৃতি সহায় হয় ফোরামের এই উদ্যোগের প্রতি। সূর্যের ঝলমলে আলো আর নীল জল দেখে সবারই মন আনন্দে ভরে ওঠে। অত্যন্ত সুশৃংখলভাবে সবাই এই বিশাল সুন্দর দ্বিতল বিশিষ্ট Sydney Showboat Cruise এর ভিতরে প্রবেশ করে আসন গ্রহণ করেন। তখন ভিতরে পরিবেশন করা হয় কোমল ঠান্ডা পানীয় আর এর মনোরম স্টেজে পরিবেশিত হয় ফোরামের সদস্য ও অতিথিবৃন্দের সমন্বয়ে দলীয় ও একক সংগীতের অনুষ্ঠান। এছাড়াও উপস্থিত অনেকে আবৃত্তি ও কৌতুক পরিবেশন করেন। সিডনি হারবারের নয়নাভিরাম দৃশ্য ও সাংস্কৃতিক অনুষ্ঠান সকলকে বিমোহিত করে তোলে।

ফোরাম নেতৃবৃন্দ Cruise এ অংশগ্রহণকারী সকল সদস্য ও অতিথিবৃন্দকে এবং সিডনির সকল বাংলা মিডিয়া যারা এই আনন্দভ্রমণ এর প্রচারে সহায়তা করেছেন তাদের সকলের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।

